দৈনিক জনকণ্ঠ

তারিখ ০৮ JAN 2016
পৃষ্ঠা ২২ কলাম ৪

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স শেষ পর্বে ভর্তির আবেদনের সময় বৃদ্ধি

নিজস্ব সংবাদদাতা, গাজীপুর, ৭ জানুয়ারি ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষপর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির আবেদন ফরম পূরণের সময় আগামী ১৪ জানুয়ারি রাত ১২টা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd/admissions অথবা admissions.nu.edu.bd) থেকে জানা যাবে।

## স্নাতক পাস ও প্রফেশনাল কোর্সের মেধাতালিকা ১০ জানুয়ারি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৫-১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক পাস ও স্নাতক সম্মান প্রফেশনাল কোর্সে ভর্তির ১ম মেধা তালিকা ১০ জানুয়ারি প্রকাশ করা হবে। উক্ত ফল বিকেল ৪টা থেকে স্নাতক পাস-এর জন্য-SMS-এর মাধ্যমে nu<space> atdg<space>roll no লিখে এবং সম্মান প্রফেশনাল কোর্সের জন্য-nu<space> athp<space> roll no লিখে ১৬২২২ নাম্বারে ংবহফ করে ফল পাওয়া যাবে এবং একইদিন রাত ৯টা থেকে ওয়েবসাইটে ফল জানা যাবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট -তে দেয়া আছে।